

## 120850 - কৃত্রিম নখসহ ওয়ু করা ও নামায পড়া

### প্রশ্ন

শরীরে ক্যালসিয়াম কমে যাওয়ার কারণে নখ ভেঙ্গে যাওয়ায় স্থায়ীভাবে প্রতিস্থাপনকৃত কৃত্রিম নখ নিয়ে নামায পড়া ও ইবাদত করা কি জায়েয?

### প্রিয় উত্তর

শরীরে ক্যালসিয়াম কমে যাওয়ার কারণে প্রাকৃতিক নখ ভেঙ্গে যাওয়ায় স্থায়ীভাবে নখ প্রতিস্থাপনে কোন আপত্তি নেই।

পক্ষান্তরে সৌন্দর্যবর্ধন ও রূপচর্চা হিসেবে করলে

এ ধরনের নখ নিয়ে নামায পড়তে কোন আপত্তি নেই; তবে শর্ত হলো ওয়ু ও গোসল করার সময় সেটি খুলে ফেলতে হবে; যাতে করে নখের নীচে পানি পৌঁছে।

স্থায়ী কমিটির ফতোয়াতে (৫/২১৮) এসেছে:

“যদি নখের ওপর পলিসের স্তর থাকে; তাহলে ওয়ু করার আগে পলিস অপসারণ করা ছাড়া ওয়ু হবে না। আর যদি মেহেদীর মত কোন স্তর না থাকে তাহলে ওয়ু হয়ে যাবে।”[সমাণ্ড]

যদি নেইল পলিসের ক্ষেত্রে এ কথা হয় তাহলে কৃত্রিম নখের ব্যাপারে এটি আরও অধিক প্রযোজ্য।

আল্লাহই সর্বজ্ঞ।